



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



কলেজ কোড নং- জাতীয় বিশ্ববিদ্যালয়- ১০০১
যশোর শিক্ষা বোর্ড- ৫২৫২, কেন্দ্র কোড- ২৭০
EIN No- ১১৭৮০৮

ফোন : ০২৪৭৮৮৫৩৭০০
Email : kstgovtcollege@gmail.com
ওয়েব সাইট : www.kushtiagovtcollege.edu.bd
সেল ফোন : ০১৩০৯১১৭৮০৮

নং কুসক-২০২৪/ ৬ ৬


তারিখ: ২০/০২/২০২৪

ইমাম নিয়োগ বিজ্ঞপ্তি

কুষ্টিয়া সরকারি কলেজ জামে মসজিদের জন্য একজন ইমাম আবশ্যিক। ইমাম পদের জন্য প্রার্থীকে কমপক্ষে পাঁচ বছরের ইমামতির অভিজ্ঞতা সম্পন্ন কামিল/দাওরায়ে হাদিস/আল কোরআন/আল হাদিস এ অনার্সসহ মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। উপরোক্ত যোগ্যতাসহ হাফেজ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থীকে তাকওয়া, পরহেজগার এবং সুন্নতের অনুসারী হতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে সর্বসাকুল্যে মাসিক ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা সম্মানী প্রদান করা হবে এবং সেই সাথে দুটি ঈদ বোনাস ও একটি বৈশাখি ভাতা প্রদান করা হবে।

আগ্রহী প্রার্থীদের আবেদন পত্রের সাথে এক কপি রজিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, নম্বর পত্র, অভিজ্ঞতার সনদ, নাগরিকতার সনদের ফটোকপিসমূহ সংযুক্ত করে আগামী মার্চ ২, ২০২৪ খৃষ্টাব্দে শনিবার সকাল ৮.৩০ ঘটিকার পূর্বে শিক্ষক পরিষদে জমা দিতে হবে। একই তারিখে সকাল ৯.০০-১০.০০ পর্যন্ত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (একই দিনে) মৌখিক পরীক্ষার সময় আবেদনে প্রদত্ত সনদসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে।

মান বন্টন- ইমামতির অভিজ্ঞতার জন্য ৫ নম্বর, শিক্ষাগত যোগ্যতা সনদের জন্য ২৫ নম্বর, লিখিত পরীক্ষার জন্য ২৫ নম্বর, মৌখিক পরীক্ষার জন্য ১০ নম্বর, খুতবার জন্য ১৫ নম্বর এবং তেলওয়াতের জন্য ১০ নম্বর ও মাসলা মাসায়েল ১০ নম্বর, সর্বমোট ১০০ নম্বর। কোনরকম যোগাযোগ ও তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।


২০/০২/২৪

(প্রফেসর শিশির কুমার রায়)

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

প্রফেসর শিশির কুমার রায়
আই.ডি নং- ৭৯৬১
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।